**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 23-11-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন ।**

**২) খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী কালোবাজারি রুখতে জনগণের মধ্যে সচেতনতা গড়ে তোলার উপর গুরুত্ব আরোপ করেছেন ।**

**৩) কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ আজ নতুনদিল্লিতে ন্যাশনাল কো-অপারেটিভ ডেভেলপমেন্ট কর্পোরেশনের ৯১তম সাধারণ পরিষদের সভায় ভাষণ দেন ।**

**৪) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, সরকার শহর এলাকার পাশাপাশি রাজ্যের গ্রামীণ এলাকাগুলিতে উন্নত ক্রীড়া পরিকাঠামো গড়ে তোলার উদ্যোগ নিয়েছে ।**

******************************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন। এটি হল মন-কি-বাত অনুষ্ঠানের ১১৬তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও

newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে।

*****************************

**Sushanta Chowdhury :**

খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী কালোবাজারি রুখতে জনগণের মধ্যে সচেতনতা গড়ে তোলার উপর গুরুত্ব আরোপ করেছেন। আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে খাদ্য দপ্তরের উদ্যোগে বিভিন্ন ব্যবসায়ীক সংগঠন, ভোক্তা ফোরাম ও ন্যায্যমূল্যের দোকান পরিচালন সমিতির সদস্যদের নিয়ে জেলাভিত্তিক এক আলোচনা সভায় খাদ্যমন্ত্রী সম্মিলিত উদ্যোগে কিভাবে কালোবাজারী রোখা যায় সে সম্পর্কে বিস্তারিত বক্তব্য রাখেন। আগামীদিনে প্রত্যেকটি জেলায় এধরনের আলোচনা সভার আয়োজন করা হবে। পাশাপাশি কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলিতেও ভোক্তা ফোরামের সহায়তায় কালোবাজারী প্রতিরোধের বিষয়ে সেমিনারের আয়োজন করা হবে।

***************************

**Special Talk on Film Festival :**

তরুণ যুবক-যুবতীদের চলচ্চিত্র নিয়ে কাজ করার উৎসাহ প্রদানে বিশেষ ভূমিকা নিচ্ছে গোয়ায় অনুষ্ঠিত ৫৫তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব। চলচ্চিত্র নিয়ে কিছু করার তাগিদ যদি ভেতর থেকে উঠে আসে সেটা  বাস্তবায়িত করা যায় অধ্যবসায়, ধৈর্য এবং পরিশ্রমের ফলে। আকাশবাণী আগরতলার সংবাদ বিভাগের বিশেষ আলোচনায় অংশ নিয়ে এই কথা বলেন চলচ্চিত্র পরিচালক, লেখক তথা রাজ্যের কৃতি সন্তান বিপ্লব গোস্বামী।

প্রতি বছর আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব আয়োজন করে তথ্য ও সম্প্রচার মন্ত্রক। কেন্দ্রীয় মন্ত্রকের এই উদ্যোগকে ধন্যবাদ জানিয়ে তিনি বলেন অ্যানিমেশন, শর্ট ফিল্ম ইত্যাদির মাধ্যমেও শিল্প-সংস্কৃতির বিকাশের এক দুয়ার খুলে গিয়েছে। চলচিত্র উৎসব এই দুটো নতুন আঙিনাকেও উৎসব আয়োজনের মধ্যে স্থান দিয়েছে। প্রসঙ্গক্রমে তিনি বলেন, ত্রিপুরার ইতিহাস ও সংস্কৃতি নিয়ে আগামীতে কাজ করার ইচ্ছে রয়েছে তাঁর। যেখানে দেশের পাশাপাশি ত্রিপুরার প্রকৃতি, ত্রিপুরার মানুষদের নিয়ে কাজ করতে চান তিনি। আকাশবাণী সংবাদের সাথে সাক্ষাৎকারে তিনি জানান, সামাজিক তাৎপর্যবাহী ছবি লাপাতা লেডিস ভারতের প্রধান প্রতিনিধিত্বকারী ছবি হিসেবে ২০২৫ সালের অস্কারের জন্য মনোনীত হওয়ায় তিনি দারুণ খুশি।

***************************

**Promo Fest :**

ত্রিপুরার পর্যটন শিল্পের প্রসারে এবং তা বহির্বিশ্বে প্রচার প্রসার এবং আন্তর্জাতিক স্তরে পর্যটক আকর্ষণে রাজ্য পর্যটন দপ্তর ও পর্যটন নিগম এ বছর প্রমো-ফেষ্ট নামে পর্যটন উৎসব আয়োজনের সিদ্ধান্ত নিয়েছে। আজ আগরতলার গীতাঞ্জলি গেস্ট হাউসে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী এই সিদ্ধান্তের কথা ঘোষণা করেন। তিনি বলেন, এবার থেকে প্রতিবছর নভেম্বর মাসের শেষ সপ্তাহ কিংবা ডিসেম্বর মাসের প্রথম দিকে প্রমো- ফেস্ট আয়োজন করা হবে। এবছর প্রমো- ফেস্ট শুরু হবে আগামী তেসরা ডিসেম্বর থেকে চলবে ১৪ই ডিসেম্বর পর্যন্ত। তিনি জানান, প্রমো-ফেস্টের জন্য রাজ্যের চারটি পর্যটন স্থলকে বেছে নেওয়া হয়েছে। আগামী তেসরা ডিসেম্বর ডম্বুর নারিকেল কুঞ্জে এই উৎসবের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। ডম্বুর ছাড়াও নীরমহল ও জম্পুই-এর ইডেনে এই উৎসব আয়োজন করা হবে। ১২ই ডিসেম্বর থেকে তিন দিনের সমাপ্তি অনুষ্ঠানটি হবে আগরতলায়।

পর্যটন মন্ত্রী জানান, ১৪ই ডিসেম্বর সমাপ্তি সন্ধ্যায় আগরতলার বিবেকানন্দ ময়দানে স্বনামধন্য সঙ্গীত শিল্পী শ্রেয়া ঘোষাল সঙ্গীত পরিবেশন করবেন। এছাড়া উৎসবের বিভিন্ন অনুষ্ঠানে বিশিষ্ট সঙ্গীত শিল্পী সৌরভী দেববর্মা, নীহারিকা নাথ, সহ বিভিন্ন লোকশিল্পী জনজাতীয় লোকশিল্পী অংশ নেবেন।

**************************

**Ratanlal Nath-Meeting :**

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথের পৌরোহিত্যে আজ আগরতলায় সার্কিট হাউস সংলগ্ন টিএফডিপিসির সভাগৃহে রিয়াং জনজাতিদের মাতৃভাষা কাউ ব্রু’কে সরকারি স্বীকৃতি প্রদান সহ হজাগিরি দিবসে ছুটির দিন ঘোষণার দাবি নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন বিধায়ক প্রমোদ রিয়াং, রিয়াং জনজাতি সম্প্রদায়ভুক্ত জনপ্রতিনিধি, শিল্পী, সাহিত্যিক, বুদ্ধিজীবিগণ বিভিন্ন অংশের মানুষেরা।

************************

**Yuba Yatra-Bike Rally :**

নেশা মুক্ত ত্রিপুরা গড়ার লক্ষ্যে যুব মোর্চার উদ্যোগে আয়োজিত নমো যুব যাত্রা বাইক রেলিটি আজ তেলিয়ামুড়া মহকুমার তিনটি বিধানসভা কেন্দ্র পরিক্রমার পর ধর্মনগরের উদ্দেশ্যে যাত্রা করে। বাইক রেলিতে অংশগ্রহণ করেন জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা, বিধায়ক পিনাকী দাস চৌধুরী, রাজ্য যুব মোর্চার সভাপতি বিধায়ক সুশান্ত দেব, কৃষ্ণপুর মন্ডলের যুব মোর্চার সভাপতি নির্মল দেবনাথ।

************************

**CPIM :**

সিপিআইএম-এর উদ্যোগে আজ আগরতলার জেইল আশ্রম রোড থেকে দৌড় প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এই প্রতিযোগিতায়

বিজয়ীদের মধ্যে পুরস্কার তুলে দেন সিপিএম সদর বিভাগীয় কমিটির সম্পাদক রতন দাস, সিপিআইএম নেতা অমল চক্রবর্তী প্রমুখ।

***************************

**Congress-Unakoti :**

কংগ্রেসের উদ্যোগে আজ কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে এক সাংগঠনিক বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন, A.I.C.C'র সম্পাদক ক্রিষ্টোফোর তিলক, প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা, পি,সি,সি সদস্য রুদ্রেন্দু ভট্টাচার্য, জেলা কংগ্রেস সভাপতি মোঃ বদরুজ্জামান প্রমুখ।

******************************

**NCDC :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ আজ নতুনদিল্লিতে ন্যাশনাল কো-অপারেটিভ ডেভেলপমেন্ট কর্পোরেশন NCDCর ৯১তম সাধারণ পরিষদের সভায় ভাষণ দেন। অনুষ্ঠানে শ্রী শাহ বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে কেন্দ্রীয় সরকার সমবায় ক্ষেত্রের মাধ্যমে কোটি কোটি কৃষকের জীবনমান উন্নত করতে প্রতিশ্রুতিবদ্ধ। তিনি বলেন, সরকার সমবায় আন্দোলনের মাধ্যমে দেশের নাগরিকদের জীবনে ইতিবাচক পরিবর্তন আনতে বদ্ধপরিকর। শ্রী শাহ বলেন, মোদী সরকার সমবায়ের মাধ্যমে দেশকে স্বনির্ভর করার জন্য কাজ করছে এবং এনসিডিসির এই ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

সমবায় আন্দোলনে শ্বেত বিপ্লব দ্বিতীয় পর্যায়ের গুরুত্ব তুলে ধরে শ্রী শাহ বলেন যে উত্তর-পূর্বের রাজ্যগুলিতে দুগ্ধ সমবায় ইউনিয়নের প্রচারে বিশেষ মনোযোগ দেওয়া উচিত। তিনি দুধ উৎপাদক সমিতি প্রতিষ্ঠার জন্য NDDB এবং NCDC-এর মধ্যে সহযোগিতার প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন। তিনি বলেন, এই উদ্যোগটি শুধুমাত্র শ্বেত বিপ্লবকে এগিয়ে নিয়ে যাবে না বরং

উপজাতীয় সম্প্রদায় ও নারীদের ক্ষমতায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে।

তিনি বলেন যে একটি অ্যাপ-ভিত্তিক ক্যাব কো-অপারেটিভ সোসাইটি পরিষেবা প্রতিষ্ঠা করা দরকার, যা সরাসরি চালকদের মধ্যে লাভ বিতরণ করার বিষয়টি নিশ্চিত করবে। তিনি সমবায় সমিতিগুলিকে একীভূত করার ক্ষেত্রে জাতীয় সমবায় ডাটাবেসের গুরুত্বপূর্ণ ভূমিকার উপর জোর দেন এবং প্রাথমিক কৃষি ঋণ সমিতি, PACS কে শক্তিশালী করার প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন।

শ্রী শাহ চিনিকলগুলির আর্থিক সক্ষমতা বাড়ানোর লক্ষ্যে একটি বিস্তৃত পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নেরও প্রস্তাব করেন।

***************************

**All Party Meeting :**

সংসদের শীতকালীন অধিবেশনকে সামনে রেখে আগামীকাল সরকার সর্বদলীয় বৈঠক আহ্বান করেছে। বৈঠকে সভাপতিত্ব করবেন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং।

বৈঠকে, অধিবেশন চলাকালীন লোকসভা এবং রাজ্যসভার কাজ নির্বিঘ্নে সম্পন্ন করতে সরকার সমস্ত রাজনৈতিক দলের সমর্থন চাইবে। উল্লেখ্য, শীতকালীন অধিবেশন এই মাসের ২৫ তারিখে শুরু হয়ে ২০শে ডিসেম্বর পর্যন্ত চলবে। তবে ২৬ নভেম্বর সংবিধান দিবসে সংসদের কোনো অধিবেশন বসবে না।

*************************

**Constitution Day :**

কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী ডঃ মনসুখ মান্ডভিয়া আগামী ২৫ নভেম্বর সংবিধান দিবস স্মরণে নতুন দিল্লিতে একটি পদযাত্রায় নেতৃত্ব দেবেন। মেরা সংবিধান মেরা স্বাভিমান বিষয়ে এই পদযাত্রা আয়োজিত হবে। পদযাত্রার লক্ষ্য সাংবিধানিক

মূল্যবোধের প্রচার এবং যুবসমাজের মধ্যে গণতন্ত্রের প্রস্তাবনা ও নীতি সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা। কেন্দ্রীয় মন্ত্রী, সাংসদ এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিরাও এই পদযাত্রায় যোগ দেবেন। পদযাত্রায় মাই ভারত স্বেচ্ছাসেবক, নেহরু যুব কেন্দ্র, এন.এস.এস- এন.সি.সি এবং ভারত স্কাউটস এন্ড গাইডস সহ বিভিন্ন সংস্থা থেকে দশ হাজারেরও বেশি যুবক অংশগ্রহণ করবে বলে আশা করা হচ্ছে।

*************************

**Legal Services Camp :**

পশ্চিম ত্রিপুরা জেলা আইন সেবা কর্তৃপক্ষের উদ্যোগে আজ জিরানীয়া মহকুমার বেলবাড়ি ব্লকের বিশুচন্দ্র পাড়া উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে এক আইনি পরিষেবা শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে উপস্থিত ছিলেন বিধায়ক বিশ্বজিৎ কলই। পশ্চিম ত্রিপুরা জেলা দায়রা আদালতের বিচারপতি শুভাশিস শর্মা রায় এই শিবিরের উদ্বোধন করেন।

**************************

**AIDSO :**

আগামী ২৮ ও ২৯শে নভেম্বর নয়াদিল্লির তালকোটরা স্টেডিয়ামে এ.আই.ডি.এস.ও-র দশম সর্বভারতীয় ছাত্র সম্মেলন অনুষ্ঠিত হবে। ত্রিপুরা থেকে ২৫ জনের এক প্রতিনিধি দল এই সম্মেলনে অংশ গ্রহণ করবে। সংগঠনের রাজ্য সম্পাদক রামপ্রসাদ আচার্য আজ এখবর জানান।

**************************

**Festival :**

মনিপুরী স্টেট কলা একাডেমির উদ্যোগে আজ আগরতলা প্রেসক্লাবে ৭ দিনব্যাপী সাহিত্য উৎসব শুরু হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক বিরজিৎ সিনহা, মনিপুরী

সাহিত্য কলা একাডেমীর কমিশনার জয়সিং, অধিকর্তা থকশন সুনন্দা, বিশিষ্ট লেখক এল বীর মঙ্গল সিং প্রমুখ।

************************

**Blood Donation :**

অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদের উদ্যোগে খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরে ১৯ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

*************************

**Atal Smriti Knockout Football :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, সরকার শহর এলাকার পাশাপাশি রাজ্যের গ্রামীণ এলাকাগুলিতে উন্নত ক্রীড়া পরিকাঠামো গড়ে তোলার উদ্যোগ নিয়েছে। ক্রীড়া প্রতিভার বিকাশে গড়ে তোলা হয়েছে সিন্থেটিক টার্ফ, সিন্থেটিক ট্র্যাক ও অ্যাস্ট্রোটার্ফ। আজ মতিনগর দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে অটল স্মৃতি নক আউট ফুটবল প্রতিযোগিতার ফাইনাল ম্যাচের উদ্বোধন করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, কেন্দ্রীয় সরকার খেলাধুলার বিকাশে খেলো ইন্ডিয়ার মতো প্রকল্প নিয়েছে। রাজ্য সরকারও ক্রীড়া প্রতিভার বিকাশে বিভিন্ন প্রকল্প নিয়েছে। মতিনগর প্লে সেন্টার আয়োজিত এই নক আউট ফুটবল প্রতিযোগিতায় চ্যাম্পিয়নের খেতাব পেয়েছে সিধাইয়ের সপ্ত রশ্মি ক্লাব। আজ ফাইন্যালে গোলশূন্য নির্দ্ধারিত সময়ের খেলার পর, সপ্ত রশ্মি ক্লাব পেনাল্টি শ্যুট আউটে ৫-৪ গোলে বর্ডার কিং দলকে হারিয়ে দেয়।

**************************

**Under-15 Cricket :**

অনূর্ধ্ব ১৫ বছরের মেয়েদের জাতীয় ক্রিকেটের গ্রুপের দ্বিতীয় খেলায়ও আজ ত্রিপুরা পরাজিত হয়েছে। দেরাদুনে অনুষ্ঠিত সীমিত ওভারের আসরে আসাম ৭৪ রানে রাজ্যদলকে হারিয়ে দেয়।

**************************

**Mushtaq Ali :**

মুস্তাক আলী ট্রফি টি-২০ ক্রিকেট প্রতিযোগিতার গ্রুপের প্রথম খেলায় আজ ত্রিপুরা পরাজিত হয়েছে। ইন্দোরে অনুষ্ঠিত খেলায় তামিলনাড়ু ৪৩ রানে রাজ্যদলকে হারিয়ে দেয়। এই গ্রুপের অপর ছয়টি দল হলো কর্ণাটক, গুজরাট, বরোদা, উত্তরাখণ্ড, সিকিম ও সৌরাষ্ট্র।

***************************

**Weather :**

আগামীকাল আকাশ পরিস্কার থাকবে। সকালে কুয়াশা পড়বে। তাপমাত্রা সর্বোচ্চ ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনে সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৬.৪ ডিগ্রি সেলসিয়াস।

**************************